

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭৬৩

১৮/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৮/৫. জিহাদ ত্যাগ করার ভয়াবহ পরিণতি সম্পর্কে সতর্কবাণী

بَابِ التَّغْلِيظِ فِي تَرْكِ الْجِهَادِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا الْوَلِيدُ، حَدَّثَنَا أَبُو رَافِعٍ، _ هُوَ إِسْمَاعِيلُ بْنُ رَافِعٍ _ عَنْ سُمَيّ، _ مُوْلَى أَبِي بَكْرٍ _ عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " مَنْ لَقِيَ اللّهَ وَلَيْسَ لَهُ أَثَرٌ فِي سَبِيلِ اللّهِ لَقِيَ اللّهَ وَفِيهِ ثُلْمَةٌ " .

বাংলা

২/২৭৬৩। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহর সাথে এমতাবস্থায় সাক্ষাৎ করবে যে, তার মধ্যে আল্লাহর রাস্তায় (জিহাদের) কোন চিহ্ন নাই সেক্ষতিগ্রস্ত অবস্থায় আল্লাহর সাথে সাক্ষাৎ করবে।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "Whoever meets Allah with no mark on him (as a result of fighting) in His cause, he will meet Him with a deficiency."

ফুটনোট

তিরমিয়ী ১৬৬৬, বায়হাকী ফিস সুনান ৪/৮, আল-হাকিম ফিল মুসতদারাক ৪/৩৪৮, আত-তালীকুর রাগীব ২/২০০, মিশকাত ৩৮৩৫।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবু রাফি (ইসমাইল বিন রাফি) সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবুল আরব আল-কিরওয়ানী ও আবু জা'ফার আল-উকায়লী তাকে দুর্বল বলেছেন। আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তিনি মিথ্যার সাথে জড়িত। যাকারিয়্যা বিন ইয়াহইয়া আস-সাজী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইবনু হাজার আল-



আসকালানী বলেন, তার হিফয শক্তি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৪২, ৩/৮৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন